# বার্ষিক প্রতিবেদন ২০২০

৩১শে ডিসেম্বর ২০২০
কলকাতা

প্রিয় সদস্যবন্ধু,

আশাকরি সপরিবারে সুস্থ আছেন।

একটা ভয়ংকর সময়ের মধ্যে দিয়ে চলেছি আমরা। মানব সভ্যতার ইতিহাসে ২০২০ সাল একটা দুঃস্বপ্নের মতো থেকে যাবে চিরকাল। এবছর বহু প্রিয় মানুষ চিরতরে চলে গেছেন আমাদের ছেড়ে, অসংখ্য মানুষ হয়ে পড়েছেন কর্মহীন, আবার, কারোর বা মাথা গোঁজার শেষ আশ্রয়টুকু গেছে হারিয়ে।

এমতাবস্থায়, আপনাদের পক্ষে সহজেই অনুমেয় যে, ২০২০ সালে সমস্ত সদস্যের স্বার্থে, বিভিন্ন সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে, forum-এর কার্যকরী সমিতিকে অসম্ভব অনিশ্চয়তা, দোদুল্যমানতা ও অভূতপূর্ব পরিস্থিতির সম্মুখীন হতে হয়েছে। একদিকে প্রতি পদে আমাদের লড়াই করতে হয়েছে শিল্পী ও ব্যক্তিজীবনে, আবার অপরদিকে forum-এর সার্বিক উন্নতিসাধনে নিরলস পরিশ্রম করে গেছি আমরা। হয়তো কখনো দাবি প্রতিষ্ঠায় সাফল্য এসেছে, আবার কখনো বা ব্যর্থতার শেকল আষ্টেপৃষ্ঠে বাধা দিয়েছে আমাদের এগিয়ে চলাকে। Lockdown ও Covid স্বাস্থ্যবিধি অনুসারে জমায়েতে নিষেধাজ্ঞার ফলে কিছু ক্ষেত্রে আমাদেরকে সিদ্ধান্ত নিতে হয়েছে শুধুমাত্র নিজস্ব বিচার, বুদ্ধি ও অভিজ্ঞতার উপর ভরসা রেখে। হয়তো কখনো সেই সিদ্ধান্তগুলি সকল সদস্যের মনোমত হয়নি, কিন্তু দায়িত্ব নিয়ে এটুকু বলা যেতেই পারে সমস্ত সদস্যের স্বার্থরক্ষার্থে আমাদের চেষ্টায় বা নিষ্ঠায় কোন খাদ ছিল না।

আজ, ৩১শে ডিসেম্বর ২০২০ তারিখে বর্তমান কার্যকরী সমিতির মেয়াদ সম্পূর্ণ হলো। এই মুহূর্তে দাঁড়িয়ে আমরা মনে করি, সারাবছর যা ঘটেছে, যা যা সিদ্ধান্ত নেওয়া হয়েছে, কী করতে পারা গেছে ও কী হয়নি এবং বর্তমানে ফোরামের কী অবস্থা- সে সম্পর্কে প্রতিটি সদস্যের সবিস্তারে ওয়াকিবহাল হওয়া প্রয়োজন, আর তাই এই বিস্তারিত বিবরণ পেশ করছি। সংস্থার প্রতিটি সদস্যের নিশ্চয়ই জানা প্রয়োজন, গত এক বছরে ঠিক কী ঘটেছে এবং বিদায়ী কার্যকরী সমিতি

কোন জায়গায় ফোরামকে রেখে যাচ্ছে। এর ফলে ভবিষ্যতে যাঁরা দায়িত্ব নেবেন,তাঁদের পথ চলা সুগম হবে।

প্রথমেই,একটা দ্বন্দ্বের অবসান ঘটানো উচিত। অনেক সদস্যের ধারণা যে, forum-এর কার্যকরী সমিতির মেয়াদ দু'বছর থাকে। এটি একটি ভ্রান্ত ধারণা। forum-এর সংবিধান অনুযায়ী আমাদের সংস্থায় কার্যকরী সমিতির মেয়াদ এক বছর। প্রতিবছরের জানুয়ারি থেকে ডিসেম্বর মাস পর্যন্তই কার্যকরী সমিতির কর্মকাল- এটাই সুস্পষ্ট ভাবে সংস্থার সংবিধানে উল্লিখিত আছে। বর্তমান কার্যকরী সমিতি, সংস্থার সংবিধান গভীরভাবে নিরীক্ষা করে দেখেছে যে, প্রতি বছর ডিসেম্বর মাসের ৩১তারিখ শেষ কাজের দিন হিসেবে সাংবিধানিকভাবে স্বীকৃত এবং তাই সেই অনুযায়ী আজকের পর আমরা বিদায় নিচ্ছি। গত ১৬ই ডিসেম্বর ২০২০ তারিখে বর্তমান কার্যকরী সমিতির শেষ সভার সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ১৪ই মার্চ ২০২১ তারিখে সংস্থার বার্ষিক সাধারণ সভা ও পরবর্তী কার্যকরী সমিতির নির্বাচন হবে । এ বিষয়ে বিস্তারিত তথ্য আপনাদের খুব শীঘ্রই জানিয়ে দেওয়া হবে সংস্থার facebook ও website-এর মাধ্যমে।

আগামী ১লা জানুয়ারী ২০২১ তারিখ থেকে পরবর্তী কার্যকরী সমিতি নির্বাচিত হওয়া পর্যন্ত, সংস্থার সকল কর্মকাণ্ডের দায়িত্বে থাকবেন একটি আপৎকালীন কর্মসমিতি, যার সদস্যরা হলেনঃ

জিৎ

শংকর চক্রবর্তী

তাপস চক্রবর্তী

শান্তিলাল মুখার্জী

কুশল চক্রবর্তী

দেবদূত ঘোষ

দিগন্ত বাগচী

শুভাশিস(রানা)মিত্র

সোহন বন্দ্যোপাধ্যায়

জুন মালিয়া

ও

সোনালী চৌধুরী

প্রসঙ্গতঃ উল্লেখ্য, পরবর্তী কার্যকরী সমিতি নির্বাচিত হওয়া মাত্রই, এই আপৎকালীন কর্মসমিতির অস্তিত্ব লোপ পাবে।

এবারে আসি সারাবছর কি কি ঘটেছে তার বিস্তারিত বিবরণ নিয়ে:

# ২০১৯ সালের কার্যকরী সমিতির বিদায়ী সিদ্ধান্ত অনুযায়ী, জানুয়ারী ২০২০তে সংস্থার কর্মকাণ্ড পরিচালনা করছিলেন একটি আপৎকালীন কর্মসমিতি ও পরবর্তী বার্ষিক সাধারণ সভা এবং কার্যকরী সমিতির নির্বাচনের প্রক্রিয়া নিয়ে তাঁরা ব্যস্ত ছিলেন প্রায় সারা মাস জুড়ে। এছাড়া, সংস্থার দৈনন্দিন কাজকর্ম ব্যতীত অন্য কোন উল্লেখযোগ্য কাজ এই সময় হয়নি।

এই মাসে বিগত বছরগুলি ন্যায় Cinetel সংস্থাকে ২ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়। জানুয়ারী ২০২০তে forum দপ্তরের জন্য একটি water purifier কেনা হয়।

# ৯ই ফেব্রুয়ারি ২০২০ তারিখে সংস্থার বার্ষিক সাধারণ সভা এবং কার্যকরী সমিতির নির্বাচন অনুষ্ঠিত হয় যোধপুর পার্ক বয়েজ স্কুলে। প্রায় ২ হাজার সদস্য উক্ত দিনে সভায় উপস্থিত ছিলেন। এই নির্বাচন প্রক্রিয়া শেষ হতে যথেষ্ট বেশি সময় লাগে এবং ১০ তারিখ সকাল ১০টা নাগাদ নির্বাচনের ফলাফল ঘোষণার মাধ্যমে পুরো বিষয়টি সম্পন্ন হয়। এই সুবিশাল কর্মকাণ্ডে forum-এর প্রায় সাড়ে নয় লক্ষ টাকা খরচ হয়। উক্তদিন থেকে বর্তমান কার্যকরী সমিতি সম্পূর্ণ কার্যভার গ্রহণ করে এবং পূর্বোক্ত আপৎকালীন কর্মসমিতি বাতিল হয়ে যায়।

# ১৮ই ফেব্রুয়ারি ২০২০ তারিখে বিশিষ্ট অভিনেতা ও forum-এর সদস্য তাপস পাল পরলোকগমন করেন। তাঁর শেষ যাত্রায় forum সক্রিয়ভাবে অংশ নেয়। ৮ই মার্চ ২০২০ তারিখে ফোরামের উদ্যোগে 'অভিনয় তাপস' শিরোনামে একটি স্মরণসভার আয়োজন করা হয় টেকনিশিয়ান্স স্টুডিওতে।

# ২৫শে ফেব্রুয়ারি ২০২০ তারিখে পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতি মমতা বন্দ্যোপাধ্যায়ের আহ্বানে নবনিযুক্ত কার্যকরী সমিতির সমস্ত সদস্য নবান্ন-এ গিয়ে দেখা করেন। উক্ত সৌজন্যে সাক্ষাৎকারে কয়েকটি বিষয় মাননীয়া মুখ্যমন্ত্রীর গোচরে আনা হয়। সেগুলি হল-

ক) টেলিভিশন ধারাবাহিকে কর্মরত শিল্পীদের মাসিক পারিশ্রমিক সময় না পাওয়া নিয়ে ক্রমবর্দ্ধমান ক্ষোভ - মাননীয়া মুখ্যমন্ত্রী সত্বর এই বিষয়ে হস্তক্ষেপ করেন এবং তাঁর নির্দেশে মাননীয় মন্ত্রী শ্রী অরূপ বিশ্বাসের মধ্যস্থতায় সমস্ত Channel, WATP (প্রযোজকদের সংস্থা), FCTWEI (Federation) কর্তৃপক্ষ এবং forum-এর কার্যকরী সমিতির উপস্থিতিতে গত ২৯শে ফেব্রুয়ারি নবান্নে এবং ১৪ই মার্চ ২০২০ তারিখে নন্দনে, দুটি বৈঠক অনুষ্ঠিত হয়। শেষোক্ত বৈঠকে কিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং পারস্পরিক সম্মতির ভিত্তিতে একটি লিখিত চুক্তিতে আবদ্ধ হন সংশ্লিষ্ট সকল পক্ষ। উক্ত চুক্তির একটি প্রতিলিপি আপনাদের জন্য এই প্রতিবেদনের সঙ্গে সংযোজিত করা হলো।

খ) Federation-এর অন্তর্ভুক্ত হয়ে থাকা ও তার ফলে দীর্ঘদিন ধরে সম্মুখীন হওয়া বিভিন্ন সমস্যা এবং সকলের স্বার্থে উক্ত অন্তর্ভুক্তি থেকে বেরিয়ে এসে forum-এর স্বয়ংক্রিয়ভাবে কাজের স্বাধীনতা যে শ্রেয়, সেটা নিয়ে আলোচনা হয়। মাননীয়া মুখ্যমন্ত্রী এই বিষয়ে সহমত পোষণ করেন।

গ) ফোরামের সদস্যসংখ্যা বৃদ্ধির সাথে সাথে দপ্তরের স্থান সঙ্কুলান বিষয়টি মাননীয়া মুখ্যমন্ত্রীর গোচরে আনা হয় এবং তিনি তৎক্ষণাৎ সংশ্লিষ্ট মন্ত্রী ফিরহাদ হাকিম মহাশয়কে এই বিষয়ে অবগত করেন। মুখ্যমন্ত্রী আরো বলেন, forum-এর জন্য সরকারি ন্যায্যমূল্যে একটি জমি/বাড়ির ব্যবস্থা করে দেওয়া হবে, যেখানে forum-এর নিজস্ব ভবন তৈরি হবে। এছাড়াও তিনি টেকনিশিয়ান্স স্টুডিওতে অবস্থিত যে দ্বিতল canteen রয়েছে, সেটিকে, সরকারি নিয়মবিধি মেনে, forum-এর কার্যদপ্তর হিসাবে ব্যবহার করার মৌখিক অনুমতি প্রদান করেন এবং forum-কে বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করতে বলেন। কিন্তু পরবর্তীকালে সংস্থার আর্থিক অবস্থার পর্যালোচনা করে দেখা গেছে যে, উক্ত canteen-এ অফিস স্থানান্তরিত করলে যে বিপুল টাকা ভাড়া বাবদ দিতে হবে, বর্তমান পরিস্থিতিতে forum-এর পক্ষে সেই মাসিক ব্যয়ভার গ্রহণ করা সম্ভব নয়।

# উক্ত আলোচনাসভার পর কার্যকরী সমিতি যখন পরবর্তী পদক্ষেপ নিয়ে অগ্রসর হচ্ছিল, ঠিক তখনই, সারা পৃথিবী জুড়ে Covid অতিমারীর প্রাদুর্ভাব দেখা যায়। এই অভূতপূর্ব অবস্থায় সমস্ত

শিল্পীর স্বার্থরক্ষার্থে forum-এর কার্যকরী সমিতি, WATP (প্রযোজকদের সংস্থা), Federation কর্তৃপক্ষ, Channel কর্তৃপক্ষ ও পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের বিভিন্ন আধিকারিকদের উপস্থিতিতে ও মাননীয় মন্ত্রী শ্রী অরূপ বিশ্বাস-এর পৌরহিত্যে, একটি যৌথ সভা অনুষ্ঠিত হয়। ১৭ই মার্চ ২০২০ তারিখে নন্দনে অনুষ্ঠিত এই সভার সিদ্ধান্ত অনুযায়ী ১৮ই মার্চ ২০২০ তারিখ সকাল ৬টার পর থেকে সমস্ত শুটিং বন্ধ হয়ে যায় এবং পরবর্তীকালে ভারত সরকার দ্বারা ঘোষিত দেশব্যাপী lockdown-এ এই অবস্থা বহাল থাকে।

# শ্যুটিং বন্ধ থাকলেও forum-এর কার্যকরী সমিতিকে এই lockdown-এর সময় virtual মাধ্যমে পুরোপুরি সক্রিয় থাকতে হয়েছিল। প্রতিটি কর্মহীন দিন পার হওয়ার সঙ্গে সঙ্গে বহু সদস্য আর্থিকভাবে বিপর্যস্ত হয়ে পড়ছিলেন এবং তাঁদের হিতার্থে forum-এর তরফ থেকে একটি Covid Fund গঠন করা হয়। বহু শিল্পী, প্রযোজক, হিতাকাঙ্ক্ষী, প্রভৃতির সাহায্যে এপ্রিল, মে ও জুন মাসে ২৪৬২৭১২ টাকা সংগৃহীত হয়। এই টাকায় ৬০৭ জন সদস্যকে ৩৫০০ টাকা করে (মোট ২১২৪৫০০ টাকা) এবং ৭০ জন সদস্যকে ২০০০ টাকা (মোট ১৪০০০০ টাকা) আর্থিক অনুদান দেওয়া হয়। অর্থাৎ, সর্বসাকুল্যে আবেদনকারী সদস্যদের ২২৬৪৫০০ টাকা আর্থিক অনুদান দেওয়া হয়। এছাড়াও প্রযোজক সুব্রত রায়ের সংস্থা থেকে ২০১৮-১৯ সালের অনাদায়ী TDS-এর ৫০%, অর্থাৎ, ১৫০৬১৯২ টাকা উদ্ধার করা হয় এবং দাবীদার সদস্যদের হাতে তুলে দেওয়া হয়।

# এরপর lockdown যখন খানিকটা শিথিল হল, আবার কাজ শুরু করার স্বার্থে, forum-এর কার্যকরী সমিতি, WATP (প্রযোজকদের সংস্থা), Federation কর্তৃপক্ষ, Channel কর্তৃপক্ষ এবং টেলি একাডেমির শীর্ষকর্তা ও মাননীয় মন্ত্রী শ্রী অরূপ বিশ্বাস ২৮শে মে ২০২০ তারিখ থেকে বেশ কয়েকটি উপর্যুপরি আলোচনায় অংশগ্রহণ করেন। এই সভাগুলির মূল লক্ষ্য ছিল, Covid পরবর্তী পরিস্থিতিতে কিভাবে কাজ হওয়া উচিত এবং কি কি সর্তকতা নেওয়া উচিত, এই সকল বিষয়ে একটি SOP (Standard Operating Procedure) গঠন করা। প্রসঙ্গত উল্লেখ্য যে, forum-এর কার্যকরী সমিতির সদস্যরা lockdown চলাকালীনই এ বিষয়ে বিভিন্ন আলোচনা নিজেদের মধ্যে করেছিলেন এবং অনেক ভাবনাচিন্তার পর শিল্পীদের সমস্ত স্বার্থ সুরক্ষিত রাখার উদ্দেশ্যে একটি খসড়াও তৈরি রাখা হয়েছিল। কিন্তু পরবর্তীকালে SOP গঠনের সভাগুলিতে বহু বিষয়ে অন্যান্য আলোচনাকারীদের সঙ্গে forum-এর দ্বিমত হয়। কিছু ক্ষেত্রে forum-এর কার্যকরী সমিতি আলোচনায় অংশগ্রহণকারী অন্যান্য পক্ষগুলির মতামতের সঙ্গে সময়ের দাবীতে সম্মত হলেও, ৯ই জুন ২০২০ তারিখ অবধি বেশ কিছু বিষয়ে সর্বসম্মতিতে আসা নিয়ে মতান্তর থেকেই

যায়। ইতিমধ্যে ৪ঠা জুন ২০২০ তারিখে মাননীয় মন্ত্রী ঘোষণা করেছিলেন যে, ১০ই জুন ২০২০ তারিখ থেকে টেলিভিশন ধারাবাহিকের শুটিং আবার শুরু হবে। ৯ তারিখ গভীর রাত্রেও যখন কোনো সমাধান সূত্র বেরোয় না, তখন একপ্রকার বাধ্য হয়েই, সংস্থার সদস্যদের, কার্যকরী সমিতির পক্ষ থেকে জানানো হয়, আগামী ১০ তারিখ থেকে শুটিং শুরু করার বিষয়ে forum সরাসরি সম্মতি দিতে অপারগ। আশ্চর্যজনক ভাবে, এই সিদ্ধান্ত ঘোষিত হওয়া মাত্র কিছু সংবাদমাধ্যমের রটে যায় যে, শুধুমাত্র শিল্পীদের জীবনবীমা তখনো অবধি না হওয়ার কারণে forum কাজ শুরুর স্বপক্ষে সম্মতি দিচ্ছে না। আদতে বিষয়টি মোটেও সঠিক নয়। অন্তত পাঁচ-ছয়টি আরো গুরুত্বপূর্ণ বিষয়ে সব পক্ষ তখনও সম্মত হতে পারেননি। উদাহরণস্বরূপ- কাজ করতে গিয়ে কোন শিল্পী Covid আক্রান্ত হলে তাঁর চিকিৎসার ব্যবস্থা কী হবে, Covid কে শিখন্ডী খাড়া করে যাতে কোন শিল্পীকে কোন ধারাবাহিক থেকে কোনরকম জানান না দিয়ে অপসারণ করা না হয়, কোন শিল্পীর পারিশ্রমিক যেন এই বাহানায় কমানো না হয়, Covid পরবর্তী পরিস্থিতিতে একজন শিল্পীর কাজের সময় কতটা হওয়া উচিত, Covid মুক্ত পরিবেশ রাখার স্বার্থে একজন শিল্পীর যাতায়াতের ব্যবস্থা কি করা উচিত, ইত্যাদি বিষয়গুলি খসড়া প্রস্তাবে সুস্পষ্টভাবে forum-এর তরফ থেকে বারবার উল্লেখ করা হলেও, তখনো অবধি তা মানা হয়নি। এইবার শুরু হয় আর এক লড়াই। ১০ তারিখ থেকে কাজ শুরু হবেনা জেনে কিছু প্রযোজক হুমকি দেন একমাত্র Covid-মুক্ত পৃথিবীতে আবার শ্যুটিং শুরু করবেন তাঁরা। এর ফলে বহুদিন ধরে রোজগারহীন শিল্পীরা অনিশ্চয়তায় ভোগা শুরু করেন। যদিও কার্যকরী সমিতি এই শিল্পীদের জন্যই লড়াই চালিয়ে যাচ্ছিল, কিন্তু, অত্যন্ত দুঃখের কথা হলেও এটাই সত্য যে, সংস্থার বেশ কিছু সদস্য এইসময়, হয় কাজ খোওয়ানোর ভয়ে অথবা অন্য কোন চাপে, forum-এর বিরুদ্ধাচরণ করা শুরু করেন। ৯ই জুন রাত্রি থেকেই তাঁদের কেউ কেউ সোশ্যাল মিডিয়ায় forum-এর রূঢ় সমালোচনা করতেও পিছপা হননি। কয়েকজন দল পাকান পরদিন forum ঘেরাও করবেন বলে। আমাদের forum-এর ২২ বছরের ইতিহাসে এত বড় লজ্জার দিন আগে হয়তো আসেনি। নিজের এবং পরিবারের সদস্যদের জীবনের ঝুঁকি হতে পারে সেটা জেনেও আমরা দিনের পর দিন SOP সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ করেছি, ভীড়ের মধ্যে গায়ে গা ঠেকিয়ে বসতে বাধ্য হয়েছি- তবুও আমাদের উপর ভরসা রাখতে পারলেননা কিছু সদস্য। কিছু বহিরাগত শক্তি, সংস্থার কয়েকজন সদস্য ও পারিপার্শ্বিকের প্রবল চাপে, কতকটা বাধ্য হয়েই, forum-এর কার্যকরী সভাপতি এবং সাধারণ সম্পাদক ১০ই জুন ২০২০ তারিখে মাননীয় মন্ত্রী শ্রী অরূপ বিশ্বাস-এর আহ্বানে এবং সংশ্লিষ্ট সকল পক্ষের উপস্থিতিতে SOP-র চূড়ান্ত খসড়ায় স্বাক্ষর করে আসেন (উপরোক্ত

অমীমাংসিত বিষয়গুলি উহ্যই থেকে যায় এবং শুধু কিছু মৌখিক আশ্বাস জোটে) এবং ১১ই জুন ২০২০ থেকে পুনরায় টেলিভিশন ধারাবাহিকের শ্যুটিং শুরু হয়। এ সিদ্ধান্তের সঙ্গে কার্যকরী সমিতির গরিষ্ঠ অংশ একমত ছিলেন না। চাপের মুখে এই SOP স্বাক্ষরিত হওয়ার সংবাদপ্রাপ্তির সাথে সাথে, প্রতিবাদে, কার্যকরী সমিতি থেকে সপ্তর্ষি রায়, শুভাশিস (রাণা) মিত্র, সোহন বন্দ্যোপাধ্যায় ও সাগ্নিক পদত্যাগ করে। কিন্তু, এই চারজনের পদত্যাগপত্র গৃহীত হয়না এবং বিভিন্ন স্তরে তাদের সঙ্গে আলোচনা চালান সংস্থার বিভিন্ন বিশিষ্ট সদস্যরা। কার্যকরী সমিতির অবশিষ্ট সদস্য ব্যতীত, প্রসেনজিত চট্টোপাধ্যায়, পল্লবী চট্টোপাধ্যায়, অরিজিত চৌধুরী, দেবযানী চট্টোপাধ্যায়, কৌশিক সেন, প্রমুখ এই সময় সক্রিয় ভূমিকা নেন। সভাপতি সৌমিত্র চট্টোপাধ্যায়ের আহ্বানে ১২ই জুলাই ২০২০ তারিখে এই পদত্যাগী চারজন সদস্যকে লাভলক হোটেলে একটি রুদ্ধদ্বার আলোচনায় ডাকা হয়। বয়সজনিত ও শারিরীক কারণে সৌমিত্রবাবু নিজে উপস্থিত থাকতে না পারলেও, তাঁর প্রতিনিধি হিসেবে এই আলোচনায় উপস্থিত ছিলেন কৌশিক সেন, পল্লবী চট্টোপাধ্যায়, দেবযানী চট্টোপাধ্যায় ও অরিজিত চৌধুরী। এছাড়া কার্যকরী সমিতির বাকি সদস্যরাও এই আলোচনায় উপস্থিত ছিলেন। আমন্ত্রিত থাকা সত্ত্বেও সাগ্নিক এই সভায় অংশগ্রহণ করেননি এবং নিজের পদত্যাগের সিদ্ধান্তে অনড় থাকেন। সমস্ত উপস্থিত সদস্যদের মধ্যে ভণিতাহীন আলোচনা হয় এবং শেষে তিনজন সদস্য, অর্থাৎ, সপ্তর্ষি রায়, সোহন বন্দ্যোপাধ্যায় ও শুভাশিস (রাণা) মিত্র পদত্যাগপত্র প্রত্যাহার করেন। উক্ত স্বাক্ষরিত SOP-র প্রতিলিপি এই চিঠির সঙ্গে সংযোজিত করা হলো।

# SOP-তে forum-এর দাবী অনুযায়ী শ্যুটিং-এ অংশগ্রহণকারী শিল্পীদের ২৫ লক্ষ টাকার জীবনবিমা দেওয়ার কথা উল্লেখ করা ছিল। তৎকালীন সম্পাদক অরিন্দম গাঙ্গুলির ঘোষণা অনুযায়ী এই বীমার annual premium-এর দশ শতাংশ forum-এর তহবিল থেকে দেওয়া হয়। সমগ্র প্রক্রিয়াটি forum-এর আয়োজনে LIC-র সঙ্গে দৌত্যের মাধ্যমে সম্পন্ন করা হয়। এরজন্য forum-এর তহবিল থেকে ২,৭২,৯৩৬/- (দু লক্ষ্য বাহাত্তর হাজার নশো ছত্রিশ) টাকা খরচ হয় এবং আজকের তারিখ অবধি ২৪৬ (দুশো ছেচল্লিশ) সদস্যশিল্পীর জীবনবিমা সম্পূর্ণ হয়েছে। এইবিষয়ে দূর্ভাগ্যক্রমে উল্লেখ করতে হয় সদস্যদের অসচেতনতার কথা। বহু কাঠখড় পুড়িয়ে, বহু শ্রম ব্যয় করার পর, জীবনবিমার প্রক্রিয়া সম্পূর্ণ করলেও, আজ অবধি প্রায় ১৪৪ জন সদস্যের policy bond, আমাদের দপ্তরেই পড়ে আছে।

# Covid পরবর্তী অধ্যায়ে চলচ্চিত্র ও টেলিভিশন জগতের বিভিন্ন সমস্যার সমাধানের উদ্দেশ্যে ৬ই জুলাই ২০২০ তারিখে মাননীয়া মুখ্যমন্ত্রীর আহ্বানে নবান্নে একটি সভায় forum-এর সমস্ত কার্যকরী সমিতির সদস্য, সাগ্নিক ব্যতীত, অংশগ্রহণ করেন। যেহেতু তখনো অবধি পদত্যাগী সদস্যদের পদত্যাগপত্র গৃহীত হয়নি, এবং যেহেতু তাঁদের প্রত্যেকের নামে সরকারের তরফ থেকে আলাদা আলাদা চিঠি পাঠানো হয়, তাই উক্ত সদস্যরাও forum-এর হয়ে আলোচনায় সক্রিয়ভাবে অংশ নেয়। আমাদের দাবীতে সম্মতি দিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী এই সভায় জানান যে, শিল্পী ও কলাকুশলীরা যদি Covid আক্রান্ত হয়ে সরকারের সাহায্য প্রার্থনা করেন, তাহলে সরকারের তরফ থেকে বিনামূল্যে সমস্ত চিকিৎসার ব্যবস্থা করা হবে। এছাড়াও forum-এর দাবীমতো শ্যুটিং-এ শিল্পীর সংখ্যা বাড়ানো এবং আরো বেশী কাজের সুযোগ সৃষ্টির বিষয়েও সম্মতি দেন মাননীয়া মুখ্যমন্ত্রী। এছাড়া সরকারের তরফ থেকে একটি অভিনয় শিক্ষাকেন্দ্র তৈরীর প্রস্তাবও ঘোষিত হয় এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর সিদ্ধান্তানুযায়ী সেই শিক্ষাকেন্দ্রটি পরিচালনার দায়িত্ব আমাদের forum-এর ওপরই থাকবে বলে স্থির হয়। এই আলোচনা চলাকালীন জানা যায় যে Covid পরবর্তী চলচ্চিত্রের SOP ইতিমধ্যেই স্বাক্ষরিত হয়ে গেছে। যদিও এই বিষয়ে পূর্বে বেশ কিছু আলোচনায় forum অংশগ্রহণ করেছিল, কিন্তু অজ্ঞাতকারণে forumকে সম্পূর্ণ অন্ধকারে রেখে EIMPA ও Federation কর্তৃপক্ষ এই SOP চূড়ান্ত করে ফেলেন। এক্ষেত্রে forum হয়ত আপত্তি করতে পারত, কিন্তু বহু কর্মহীন শিল্পীর আর্থিক অনিশ্চয়তাকে প্রাধান্য দিয়ে, সময়ের দাবীতে এই বিষয়ে চুপ থাকা শ্রেয় বলেই কার্যকরী সমিতির যথার্থ মনে হয়। কার্যকরী সমিতি যদি এইসময় ওই SOP-র বিরুদ্ধে প্রতিবাদ করত, তাহলে চলচ্চিত্র বা web series-এর কাজ শুরু করতে বিলম্ব হত, এবং বহু শিল্পী যাঁরা আর্থিক কষ্টে ছিলেন তাঁদের অর্থনৈতিক দুরাবস্থা বাড়ত। এই আলোচনাসভায় Federation সভাপতি শ্রী স্বরূপ বিশ্বাস, forum-এর সদস্য, শুভাশিস (রাণা) মিত্রের বক্তব্যের অপব্যাখা করেন এবং মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় তৎক্ষণাৎ সেই ব্যাখ্যা নাকচ করে দেন এবং এই বিষয়ে অহেতুক বিতর্ক সৃষ্টি করতে বারণ করেন। কিন্তু মাননীয়া মুখমন্ত্রীর সুস্পষ্ট বক্তব্যকে অগ্রাহ্য করে, Federation অন্তর্ভুক্ত বাকি সব Guild (Make-up guild ব্যতীত) Artists' Forum-কে উদ্দেশ্য করে, শুভাশিস (রাণা) মিত্রের বক্তব্যের বিরুদ্ধে চিঠি দেন ও সাতদিনের মধ্যে যথোপযুক্ত উত্তর না পেলে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে বলে হুমকিও দেন। আমরা এই চিঠি অগ্রাহ্য করি এবং কোন উত্তর দেওয়া হয়না guild গুলিকে। যেহেতু তাঁর আহ্বানে ডাকা সভার একটি বক্তব্য নিয়ে কথা উঠেছে, তাই, গোটা বিষয়টি মাননীয়া মুখ্যমন্ত্রীর গোচরে আনা হয়। পাশাপাশি, guild গুলির চিঠির বিরুদ্ধে উষ্মা প্রকাশ করে Federation কর্তৃপক্ষকেও চিঠি

দেওয়া হয়। পরবর্তীকালে অবশ্য কোন guild বা Federation কর্তৃপক্ষ কোন উচ্চবাচ্য করেননি এই বিষয়ে।

# ১৫ই জুলাই ২০২০ তারিখে সাধারণ সম্পাদক অরিন্দম গাঙ্গুলি তাঁর শারিরীক অসুস্থতার কারণে সাধারণ সম্পাদকের পদ থেকে পদত্যাগ করেন এবং বিষয়টি তৎক্ষণাৎ সভাপতি সৌমিত্র চট্টোপাধ্যায়ের নজরে আনা হয় এবং দীর্ঘ আলোচনার পর উক্ত পদত্যাগপত্র গৃহীত হয়। সৌমিত্রবাবুর নির্দেশমতো ও কার্যকরী সমিতিতে আলোচনার পর ১লা সেপ্টেম্বর ২০২০ থেকে যুগ্ম-সম্পাদক শান্তিলাল মুখার্জী অস্থায়ী সম্পাদকের দায়িত্ব বুঝে নেবেন বলে স্থির হয়।

# সৌমিত্রবাবুর পরামর্শানুযায়ী ৩১শে জুলাই ২০২০ তারিখে সমস্ত পরিস্থিতি পর্যালোচনার জন্য কার্যকরী সমিতির এক বিশেষ জরুরী সভা অনুষ্ঠিত হয়। এই সভায় যে যে সিদ্ধান্ত নেওয়া হয়, তা হলঃ

ক) Forum-এর আর্থিক অবস্থা অত্যন্ত খারাপ। বিগত ৭ বছরে সেভাবে কোন তহবিল গঠন করার মত অনুষ্ঠানের আয়োজন হয়নি। এইসময় যদিও প্রায় ১ কোটি ৮০ লক্ষ টাকা forum আয় করেছে (মূলত নতুন সদস্যপদ থেকে প্রাপ্ত অর্থ), কিন্তু পাশাপাশি প্রায় ১ কোটি ৫০ লক্ষ টাকা বিভিন্ন খাতে ব্যয় হয়ে গেছে। Forum -এর মত একটি সুবিশাল ও দীর্ঘ ২২ বছরের সংস্থার মাত্র ৬০ লক্ষ টাকা fixed deposit আছে। অতীতে বেশ কিছু ক্ষেত্রে অপরিকল্পিত এবং অপরিমিত ব্যয় হয়ত এর জন্য দায়ী। কার্যকরী সমিতির নির্বাচনে বিপুল ব্যয়, lockdown, প্রভৃতি কারনে আর্থিক অবস্থা আরো সঙ্গীন হয়ে পড়েছে এবং অনতিবিলম্বে চূড়ান্ত ব্যয় সঙ্কোচন না করলে forum-এর fixed deposit না ভেঙে দৈনন্দিন খরচ চালানো সম্ভব নয়।

খ) উপরোক্ত বিষয়টিকে মাথায় রেখে “বাতায়ন”-এর ভবিষ্যত আলোচিত হয়। সৌমিত্রবাবু এইবিষয়ে সুস্পষ্ট নির্দেশ দেন যা কার্যকরী সমিতির সকলে মেনে নেন। তাঁর নির্দেশমতো “বাতায়ন”-এর প্রকাশ অনতিবিলম্বে স্থগিত করে দেওয়া হয়। ভবিষ্যতে সংস্থার আর্থিক অবস্থার সুরাহা হলে, বাৎসরিক একটি সংখ্যা প্রকাশিত হতে পারে।

গ) সংস্থার তৎকালীন আর্থিক অবস্থা বিচার করে এবং সৌমিত্রবাবুর পরামর্শানুযায়ী forum-এর তিনজন কর্মী, যথাক্রম্ শান্তনু মিত্র, রাণা বোস (মাইক্রো)এবং কুলদীপ হালদারকে (শেষোক্ত দুজন অস্থায়ী) ৩০শে সেপ্টেম্বর ২০২০ তারিখের পর কাজ থেকে অব্যহতি দেওয়ার সিদ্ধান্ত

নেওয়া হয়। এনাদের মধ্যে শান্তনুবাবু ও কুলদীপবাবু (অস্থায়ীপদে) বাতায়ন প্রকাশনার সঙ্গে যুক্ত ছিলেন। বাতায়ন-এর প্রকাশনা স্থগিত রাখার সাথে সাথে এই দুজনের ফোরামে কর্মী হিসেবে থাকা নিষ্প্রয়োজন হয়ে পড়ে। এর পাশাপাশি বিভিন্ন পর্যালোচনার পর এটাও দেখা যায় যে, রাণাবাবুকে কাজ থেকে অব্যাহতি দিলে forum-এর আর্থিক সাশ্রয় হবে এবং তাঁর অনুপস্থিতিতে দৈনন্দিন কর্মপরিচালনায় তেমন বিশেষ কোন অসুবিধা হবেনা। Forum-এর সর্বাঙ্গীন মঙ্গলের কথা ভেবে, বিশেষ করে আর্থিক অনিশ্চয়তাকে গুরুত্ব দিয়ে, কার্যকরী সমিতি অত্যন্ত বিষন্ন হৃদয়ে এই তিনজনকে দায়িত্বমুক্ত করেন। ভবিষ্যতে কোনদিন forum-এর আর্থিক অবস্থার পর্যাপ্ত উন্নতি হলে এবং সাংগঠনিক প্রয়োজন থাকলে, এনাদেরকে পূনর্বহাল করার সিদ্ধান্ত নেওয়া যেতেই পারে।

ঘ) যেহেতু শ্রী অরিন্দম গাঙ্গুলি পদত্যাগ করেছেন, তাই তাঁর পরিবর্তে শ্রী শান্তিলাল মুখার্জীর নাম forum-এর সমস্ত Bank Account-এ নথিভুক্ত করা হয়।

ঙ) Forum-এর আর্থিক অবস্থা বিচার করে সিদ্ধান্ত নেওয়া হয় যে কর্মীদের পুজো bonus-এ সাময়িক সঙ্কোচন করা হবে। তাঁদেরকে আংশিক কিছু টাকা পুজোর সময় দেওয়া হয় এবং বছরের শেষে আর্থিক পরিস্থিতি একটু ভালো হওয়ায় বকেয়া মেটানো হয়।

চ) বহুদিন ধরে Federation-এর আওতা থেকে বেরিয়ে এসে forum-এর স্বয়ংশাসিত ভাবে চলার একটি দাবী গরিষ্ঠ সংখ্যক সদস্যদের মধ্যে ছিল। সৌমিত্র চট্টোপাধ্যায়, প্রসেনজিত চট্টোপাধ্যায়, সব্যসাচী চক্রবর্তী ও অরিন্দম গাঙ্গুলির থেকে পরামর্শ নেওয়ার পর, forum-এর কার্যকরী সমিতি এই বিষয়ে একটি চূড়ান্ত সিদ্ধান্ত নেয় এবং ২৯শে অগাস্ট ২০২০ তারিখে একটি চিঠি দিয়ে আমরা Federation থেকে বেরিয়ে আসি। বর্তমানে ফোরাম সম্পূর্ণভাবে স্বাধীন ও স্বয়ংসম্পূর্ন।

# ইতিমধ্যে ২০শে অগাস্ট ২০২০ তারিখে সংস্থার অন্যতম যুগ্ম সম্পাদক সপ্তর্ষি রায়, ব্যক্তিগত কিছু অসুবিধার উল্লেখ করে, forum-এর কার্যকরী সমিতি থেকে ইস্তফা দেন। যেহেতু তাঁর পদত্যাগের কারন সম্পূর্ণভাবে ব্যক্তিগত, তাই সৌমিত্রবাবুর অনুমোদনসাপেক্ষে ইস্তফাপত্রটি গৃহীত হয়।

# কোভিড পরবর্তী পরিস্থিতিতে যে SOP স্বাক্ষরিত হয়েছিল তার মেয়াদ ১০ই সেপ্টেম্বর ২০২০ তারিখে উত্তীর্ণ হয়ে যায়। লিখিত সিদ্ধান্ত অনুযায়ী তিনমাস পর টেলিভিশনের SOP-টি পর্যালোচনা করার কথা ছিল। forum-এর তরফ থেকে বহুবার দূরভাষ মারফত এবং দুটি email (যথাক্রমে ৭ই সেপ্টেম্বর ২০২০ ও ২৮শে সেপ্টেম্বর ২০২০ তারিখে)করে সংশ্লিষ্ট সকল পক্ষকে (Channels, FCTWEI ও WATP) পর্যালোচনায় বসতে অনুরোধ করা হলেও, কেউই সে বিষয়ে কর্ণপাত করেননি এবং আজও আলোচনায় বসেননি। বেশ কিছু প্রযোজনায় SOP বহির্ভূত কাজকর্মের আভাষ দেখা যেতে শুরু করে। এই সময়, যেহেতু বহুদিন পর সদস্যরা কাজ করছিলেন ও তাঁদের আর্থিক টানাপোড়েনকে মাথায় রেখে, forum বাধ্য হয় কোন কড়া পদক্ষেপ না নিতে। তাই আজও একপ্রকার ধোঁয়াশাযুক্ত নিয়মবিধিকে শিখন্ডী করে টেলিভিশনের শ্যুটিং চালু আছে।

# ১৫ই নভেম্বর ২০২০ তারিখে সংস্থার দীর্ঘ ২১ বছরের সভাপতি, প্রবাদপ্রতিম অভিনেতা সৌমিত্র চট্টোপাধ্যায়, পরলোকগমন করেন। এ এক অপূরণীয় ক্ষতি। Forum-এর তরফ থেকে সর্বতভাবে তাঁর শেষ যাত্রায় যোগদান করা হয়। এরপর ১৩ই ডিসেম্বর ২০২০ তারিখ সন্ধ্যায় টেকনিশিয়ান্স স্টুডিওতে 'মায়ানগরের ময়ূরবাহন' শীর্ষক স্মরণসভা তাঁর সম্মানে আয়োজিত হয়। কিন্তু দুঃখের সাথে এটা উল্লেখ করতেই হচ্ছে যে, উক্ত সভায় সদস্যদের, বিশেষ করে যাঁরা সৌমিত্রবাবুর সহকর্মী ছিলেন, তাঁদের অনুপস্থিতি ভীষণভাবে লক্ষণীয় এবং লজ্জাকর। Forum-এর তরফ থেকে facebook (youtube link) মাধ্যমে এই স্মরণসভা সরাসরি প্রচারিত হলেও, সেখানেও সদস্যদের উপস্থিতি আশাব্যঞ্জক নয়।

# ১৩ই ডিসেম্বর ২০২০ তারিখে সকাল ১০টা থেকে forum-এর উদ্যোগে নতুন সদস্যদের জন্য একটি সাক্ষাৎকারভিত্তিক audition অনুষ্ঠিত হয়। Forum-এর প্রায় ২৫জন বিখ্যাত সদস্যশিল্পী এই সাক্ষাৎকারগুলি নেন। কার্যকরী সমিতির সিদ্ধান্ত অনুযায়ী এবছর থেকে forum-এর সদস্যপদের জন্য ফর্মের মূল্য ৫০০ টাকা ধার্য করা হয়েছে। ৫৬৫ জন শিল্পী সদস্যপদের জন্য আবেদন করেন। তার মধ্যে ৩৬৪ জন উক্ত দিনে উপস্থিত ছিলেন। উপস্থিত শিল্পীদের মধ্য থেকে ২৪২ জনকে সাধারন সদস্য হিসাবে ও ৩৮ জনকে সাময়িক সদস্য হিসাবে বেছে নেওয়া হয়। এনাদের সিংহভাগ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে সদস্যপদ নিয়েছেন। এর ফলে forum-এর তহবিলে বেশ কিছু টাকা জমা পড়ে।

তাপস পাল

সতু মজুমদার

জগন্নাথ গুহ

সৌরেন্দ্রনাথ (মনু) মুখোপাধ্যায়

রাজু ঠক্কর

শঙ্কর দাসগুপ্ত

সন্তু মুখোপাধ্যায়

সুনেত্রা ব্যানার্জী

ইরা চক্রবর্তী

অমিতাভ চ্যাটার্জী (ববি)

হীরক (শরণ) চ্যাটার্জী

সচ্চিদানন্দ সর্দার

অনিতেশ ভট্টাচার্য্য

এই হল মোটামুটিভাবে সারাবছরের forum-এর সমস্ত কাজের একটি খতিয়ান। ইদানীং, বিভিন্ন মহলে, forum-এর নিষ্ক্রিয়তা নিয়ে বেশ কিছু মন্তব্য মাঝে মধ্যেই কানে আসে। আশা করা যাচ্ছে এই বিস্তারিত বিবরণ পড়ে সদস্যরা বুঝবেন যে কার্যকরী সমিতি সম্পূর্ণ নিঃশ্চেষ্ট থাকেনি। আমরা সাধ্যমত চেষ্টা করেছি। কখনো সাফল্য এসেছে, কখনো বা ব্যর্থতা। কিন্তু পৃথিবীর ইতিহাসে অন্যতম সঙ্কটময় বছরেও forum তার মাথা উঁচু করে চলার লড়াই বজায় রেখেছে- এটুকু দাবী করতেই পারি।

# বর্তমান কার্যকরী সমিতির মেয়াদের শেষ দিনে ১২ লক্ষ টাকার একটি fixed deposit করা হয়। এইমুহূর্তে forum-এর ৭২ লক্ষ টাকার fixed deposit রয়েছে। ভবিষ্যতে forum-এর নিজস্ব ভবন ক্রয় বা নির্মাণ, বা অন্য কোন জরুরী প্রয়োজনে এই অর্থ গুরুত্বপূর্ণ ভূমিকা নিশ্চয়ই নেবে। তবে ভবিষ্যতে যাঁরাই দায়িত্বে আসবেন তাঁরা যেন সক্রিয়ভাবে তহবিল গঠনে মনোনিবেশ করেন এবং অন্তত ৫ কোটি টাকার বন্দোবস্ত থাকলে forum দূর্দিনে শিল্পীদের পাশেও দাঁড়াতে পারবে। এই বিষয়ে সর্বস্তরে আলোচনার প্রয়োজন আছে।

# Forum-এর বহু গুরুত্বপূর্ণ সদস্য ও কিংবদন্তী অভিনেতা/অভিনেত্রী ইহলোক ছেড়ে চলে গেছেন বা যাচ্ছেন। আমাদের ছোট্ট কার্যালয়ে তাঁদের সকলের ছবি রাখা অসম্ভব হয়ে পড়েছে। ফলতঃ, তাঁদের স্মৃতির প্রতি যথাযথ শ্রদ্ধাজ্ঞাপণ করাও যাচ্ছেনা। তাই, কার্যকরী সমিতির সিদ্ধান্ত অনুযায়ী- মহানায়ক উত্তমকুমার, সৌমিত্র চট্টোপাধ্যায় ও সংস্থার প্রতিষ্ঠাতা সভাপতি শুভেন্দু চট্টোপাধ্যায়ের ছবি ব্যতীত অন্য সব ছবি সরিয়ে দেওয়া হয়েছে। তার বদলে একটি সুদৃশ্য digital মাধ্যমে সমস্ত পরলোকগত কিংবদন্তী অভিনেতা/অভিনেত্রীদের ছবির projection-এর ব্যবস্থা করা হচ্ছে। এছাড়া forum-এর কার্যালয়ের সামান্য কিছু সাজসজ্জার পরিমার্জনও করা হয়েছে।

# কার্যকরি সমিতির সিদ্ধান্তানুযায়ী ভবিষ্যতে whatsapp বা eMail মারফত সদস্যদের সঙ্গে যোগাযোগ করা হবে। সাধারণ text message-এ সমস্ত তথ্য/সিদ্ধান্ত ৩৮০০র বেশি সদস্যকে জানানো কোনভাবেই সম্ভব হচ্ছেনা এবং অসম্ভব বেশি অর্থব্যয় হচ্ছে। এছাড়া দ্রুত যোগাযোগও প্রয়োজন। আজ ভারতের ৪০কোটিরও বেশি নাগরিক whatsapp ব্যবহার করেন। সকলেই এখন ক্রমে ক্রমে digital (online) মাধ্যমে অভ্যস্ত হয়ে উঠছেন। তাই আশাকরি সদস্যরা যথাযথভাবে এক্ষেত্রেও সহযোগিতা করবেন। এছাড়া forum-এর facebook page/website-এর মাধ্যমেও গুরুত্বপূর্ণ ঘোষণাগুলি সদস্যদের কাছে পৌঁছে দেওয়ার চেষ্টা চলছে। ভবিষ্যতে forum-এর একটি নিজস্ব app বানানোর পরিকল্পনাও রয়েছে। এর ফলে সকল সদস্যের মধ্যে যোগাযোগ বাড়বে এবং বিভিন্ন ক্ষেত্রে দ্রুত সিদ্ধান্ত নেওয়া যাবে।

এবছর আমরা বহু প্রিয় সদস্যকে চিরকালের মত হারিয়েছি। অত্যন্ত ব্যথিত হৃদয়ে আমরা স্মরণ করি তাঁদের। যাঁরা এবছর অমরলোকের উদ্দেশ্যে যাত্রা করলেন, তাঁরা হলেনঃ

সৌমিত্র চট্টোপাধ্যায়

ভালো থাকবেন। সুস্থ থাকবেন। Forum-এর website (www.wbmpaf.com) ও facebook page-এ নজর রাখুন। আগামী বাৎসরিক সাধারণ সভা ও পরবর্তী কার্যকরী সমিতি নির্বাচনের বিস্তারিত তথ্য খুব শীঘ্রই সেখানে দেওয়া হবে।

[ফোরামের কোন সদস্য যদি এই প্রতিবেদনটি কোন কারণে না পড়ে থাকেন, এবং আপনি যদি সেই বিষয়ে ওয়াকিবহাল হন, তাহলে অনতিবিলম্বে একজন দায়িত্বশীল সদস্য হিসাবে তাঁকে এই বিষয়ে বিস্তারে জানান। আমরা যেহেতু এখন সরকারী নির্দেশানুযায়ী বড় জমায়েত করতে পারছিনা, তাই সকল সদস্যকে অনুরোধ করছি আপনাদের পরিচিত অন্যান্য সদস্যদেরকে এই প্রতিবেদনটি দেখাবার বা পড়াবার জন্য উদ্যোগী ভূমিকা নিন।]

বিদায়ী কার্যকরী সমিতির পক্ষ থেকে

**শান্তিলাল মুখার্জী**

যুগ্ম সম্পাদক

সংযোজনঃ

ক) ১৪ই মার্চ ২০২০ তারিখে স্বাক্ষরিত চুক্তির

খ) ১০ই জুন ২০২০ তারিখে স্বাক্ষরিত SOP-র প্রতিলিপি